কালের কণ্ঠ

05 JUN 2016
তারিখ ........................
পৃষ্ঠা ...৫... কলাম ...৬......

# টিফিনের টাকায় পথশিশুদের শিক্ষা উপকরণ

নিজস্ব প্রতিবেদক ▷

টিফিনের টাকা বাঁচিয়ে তা দিয়ে খাদ্য, বস্ত্র ও শিক্ষা উপকরণ কিনে পথশিশুদের মাঝে বিতরণ করেছে ভিকারুননিসা নূন স্কুলের ছাত্রীরা। এ ছাড়া পথশিশুদের সঙ্গে খেলাধুলা, বড় মানুষের গল্প বলা ও বড় হওয়ার গল্প, সাধারণ জ্ঞান পাঠদানে মেতেছিল শিক্ষার্থীরা।

গতকাল শনিবার ভিকারুননিসা নুন স্কুলের ইংলিশ ভার্সনের টিচার ফরহানা শারমিন নাফিসের 'নেতৃত্বে স্কুলের নবম শ্রেণির ১০ ছাত্রীর একটি টিম কমলাপুরে এসব কার্যক্রমে অংশ নেয়। আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামিক ইউনিভার্সিটির শিক্ষক আশরাফুর রশিদ পাভেল, সোসাইটি ফর এন্টি এডিকশন মুভমেন্টের (স্যাম) অফিস সম্পাদক এম আই মহিদ, বাংলানিউজ টোয়েন্টিফোর ডটকমের নিউজরুম এডিটর মীম নোশিন নাওয়াল খান ও অপরাজেয় বাংলাদেশের ছয়জন প্রকল্প কর্মী।

মোট ৫২ জন পথশিশুর মাঝে খাদ্য, বস্ত্র ও শিক্ষা উপকরণ দেওয়া হয়। টিফিনের টাকা বাঁচিয়ে পথশিশুদের পাশে দাঁড়াতে পেরে প্রতিটি মেয়েই নিজেদের ভাগ্যবান মনে করেছে বলে মন্তব্য করে।